The Financial Express

24 JUN 2026

Only 346 non-RMG products earn over $1.0m each a year

FE REPORT

Only 346 of Bangladesh's 1,393 non-readymade garment (non-RMG) export products earn more than US$1.0 million each annually, highlighting the limited expansion of most export items despite the country's diverse export basket, according to a recent study.

The study, titled "Competitiveness Study of Potential Private Sectors in Bangladesh" by the Research and Policy Integration for Development (RAPID), identified seven sectors with strong export potential where targeted interventions costing an estimated $140.43 million could generate economic benefits worth $216 million.

Finds RAPID study, identifies $140m investment in seven sectors could yield $216m in economic gains

The sectors are agro-processed products, frozen fish, leather goods, footwear, handicrafts, information technology and IT-enabled services, and semiconductors.

The findings were presented at a consultation workshop on the draft development project proposal (DPP) for the second phase of the Export Competitiveness for Jobs (EC4J) project, held at CIRDAP in the capital on Tuesday.

Commerce Minister Khandakar Abdul Muktadir attended the event as chief guest, while Commerce Secretary Md Ataur Rahman Khan chaired the programme.

According to the study, Bangladesh's graduation from the least developed country (LDC) category will intensify competitive pressures through preference erosion, stricter market requirements and stronger competition in export destinations.

The study estimated that Bangladesh has untapped non-RMG export potential worth about $5.0 billion in major markets, including the United Kingdom, Germany, Spain, France, the United States, India and China.

Of the 1,393 non-RMG export products identified in the study, 1,165 are manufactured goods and 228 are agricultural products.

The study also highlighted a range of challenges, including anti-export policy bias stemming from high tariff protection, weak trade logistics, high transportation costs, trade facilitation bottlenecks, customs-related hurdles and ease-of-doing-business constraints.

According to the findings, a one-percentage-point reduction in transport costs could increase Bangladesh's export demand by 7.4 per cent, while full implementation of the WTO Trade Facilitation Agreement could reduce trade costs by 11-14 per cent.

Presenting the study, RAPID Chairman Dr M A Razzaque said Bangladesh's export concentration is four times higher than the average of developing countries and exceeds the average among LDCs.

"Export expansion and diversification must go hand in hand," he said.

Dr Razzaque noted that ready-made garments account for around 85 per cent of the country's export earnings and that export concentration deepened further between 2021 and 2024.

"Although Bangladesh has a large number of non-RMG products, most are not expanding. The EC4J project can help unlock their export potential," he added.

Speaking at the event, the commerce minister said Bangladesh had fulfilled the transitional requirements for LDC graduation, but the key challenge now was maintaining competitiveness in the global market and advancing to the next stage of development.

He stressed the need for skills development, research, innovation and technology adoption to strengthen the country's industrial base.

The minister said Bangladesh's export earnings could rise from the current $50-55 billion to $150 billion if a number of promising sectors receive targeted policy support,

I SEE PAGE 23

Only 346 non-RMG products earn $1.0m

I FROM PAGE 17

strategic planning, research and skilled workforce development.

He also emphasised the need to expedite project implementation, describing delays as one of the major weaknesses in the country's development efforts.

The commerce secretary said the government had initiated plans for an integrated project worth around Tk 30 billion to address post-graduation challenges and enhance export competitiveness.

Under the second phase of the project, sector-specific action plans will be formulated based on the practical needs and experiences of the private sector, he also said.

He added that the project will include initiatives aimed at the recovery, restructuring and capacity building of the export sector in line with national budget priorities.

munni_fe@yahoo.com

The Business Standard
24 JUN 2026

Bangladesh sees mixed fortunes in non-traditional export markets

TRADE – BANGLADESH

SHOUMIK AHMMED ANIK

Bangladesh's efforts to diversify exports beyond its traditional Western markets are yielding mixed results, with robust growth in China and several Middle Eastern destinations offset by weakening shipments to major non-traditional markets such as India, Australia, Turkey and Russia, according to the latest Export Promotion Bureau (EPB) data.

Country-wise export data for the July-May period of FY2025-26 show exports to China, Saudi Arabia, the United Arab Emirates, Malaysia and Brazil continued to expand, while several established non-traditional destinations registered declines despite years of efforts to broaden Bangladesh's export footprint beyond the European Union, the United States, the United Kingdom and Canada.

SEE PAGE 4 COL 1



ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

Bangladesh sees mixed fortunes

CONTINUED FROM PAGE 3

The mixed performance comes as the FY2026-27 budget renews the government's emphasis on export diversification through measures to improve industrial competitiveness, facilitate trade and provide dedicated financing for expanding exports ahead of Bangladesh's graduation from least developed country (LDC) status.

China emerged as one of the strongest-performing non-traditional markets during the period. Exports rose 15.76% year-on-year to $742.5 million, driven by woven garments, knitwear, jute and jute products, leather goods and footwear. Saudi Arabia, the UAE, Malaysia and Brazil also recorded positive growth, signaling rising demand across parts of the Middle East, Asia and Latin America.

The broader picture, however, remained uneven.

India retained its position as Bangladesh's largest non-traditional export destination, with shipments worth $1.61 billion during July-May. However, exports to the neighbouring country declined 3.44% from a year earlier despite growing bilateral trade. Exports to Australia fell 8.62% to $774.04 million, while shipments to Turkey dropped 11.63% to $534.57 million. Exports to Russia also contracted amid continuing geopolitical uncertainty.

The country-level trend was also reflected in Bangladesh's largest export sector. EPB data compiled by the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) show garment exports to non-traditional markets declined 5.95% year-on-year to $5.68 billion during the July-May period.

By comparison, apparel exports to the European Union – Bangladesh's largest regional market – fell 4.88% to $17.36 billion, while shipments to the US, the country's largest single export destination, edged down only 0.04% to $7.03 billion. Exports to Canada rose 2.27 % to $1.23 billion, while those to the UK slipped 0.5 % to $4.02 billion. Overall, Bangladesh's ready-made garment exports declined 3.41 % to $35.31 billion during the period.

The data also indicate that Bangladesh's export basket in many non-traditional markets remains heavily concentrated in traditional labour-intensive products. India mainly imports garments, jute goods, leather products, cotton products and plastics, while exports to Australia are dominated by apparel and home textiles. Turkey continues to source mostly knitwear, woven garments and jute products.

China stands out as an exception. Alongside garments, Bangladesh has steadily expanded exports of leather goods, footwear and jute products, suggesting greater scope for product diversification in one of Asia's largest consumer markets.

Mahmud Hasan Khan, president of BGMEA, said non-traditional markets have become increasingly important as Bangladesh prepares for LDC graduation, but exporters continue to face challenges because buyers in many non-traditional markets do not offer export credit facilities.

He said government agencies are working to strengthen Bangladesh's presence in markets such as Japan and South Korea but warned that market diversification must now move faster than before.

"If we fail to conclude enough trade agreements and strengthen export earnings from non-traditional markets before LDC graduation, the country's export sector could come under severe pressure," Mahmud said, adding that sustained government support, improved market access and stronger trade diplomacy would be essential to reduce dependence on traditional destinations.

Fazlul Hoque, former president of the Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), said expanding into new markets requires far more than fiscal incentives.

He pointed to Japan as an example where exporters, industry associations and government agencies spent years building commercial relationships before achieving significant export growth. Similar long-term engagement, he said, is now needed in markets such as India, Australia, China and Russia.

Fazlul also stressed the importance of stronger government-to-government negotiations to address tariff and non-tariff barriers, particularly high import duties in Turkey and longstanding market access challenges in India, arguing that sustained diplomatic engagement is just as important as export incentives.

Ashikur Rahman, principal economist at the Policy Research Institute of Bangladesh, said Bangladesh's exporters are facing growing competition as regional rivals such as India and Vietnam move aggressively to secure free trade agreements and deepen their presence in global markets.

He said Bangladesh can no longer rely solely on traditional apparel exports or a handful of established destinations. Sustaining export growth after LDC graduation will require a broader export basket, stronger trade agreements, improvements in productivity and logistics, and a more competitive exchange rate.

The latest EPB data suggest Bangladesh's export diversification strategy is beginning to deliver results in selected markets, particularly China and parts of the Middle East. However, the uneven performance across many other non-traditional destinations shows the country's transition beyond its traditional export markets remains incomplete, underscoring the need for deeper product diversification, stronger trade diplomacy and wider market access as Bangladesh prepares for the post-LDC trading regime.

সমকাল
24 JUN 2026

এলডিসি উত্তরণ চ্যালেঞ্জ মোকাবিলায় ৩ হাজার কোটি টাকার প্রকল্প

সমকাল প্রতিবেদক

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের পর উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবিলা এবং রপ্তানি সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে প্রায় তিন হাজার কোটি টাকার সমন্বিত প্রকল্প গ্রহণের উদ্যোগ নিয়েছে সরকার। একই সঙ্গে বর্তমান ৫০ থেকে ৫৫ বিলিয়ন ডলারের রপ্তানি আয় আগামী দিনে ১৫০ বিলিয়ন ডলারে উন্নীত করা সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।

গতকাল মঙ্গলবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'বাংলাদেশের সম্ভাবনাময় বেসরকারি খাতগুলোর প্রতিযোগিতা সক্ষমতা মূল্যায়ন গবেষণা' শীর্ষক প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তাবিত প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) উপস্থাপন ও পরামর্শক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। একই অনুষ্ঠানে বাণিজ্য সচিব এলডিসি উত্তরণ চ্যালেঞ্জ মোকাবিলায় প্রকল্প গ্রহণের তথ্য জানান।

বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ এলডিসি থেকে উত্তরণের সব শর্ত পূরণ করেছে। এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে উত্তরণ-পরবর্তী বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকা এবং উচ্চতর অর্থনৈতিক ধাপে অগ্রসর হওয়ার সক্ষমতা অর্জন করা। এ জন্য শিল্প খাতে দক্ষতা উন্নয়ন, গবেষণা, উদ্ভাবন ও প্রযুক্তি অভিযোজনের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে।

তিনি বলেন, সম্ভাবনাময় খাতগুলোকে সুনির্দিষ্ট পরিকল্পনা, নীতিগত সহায়তা, গবেষণা এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে এগিয়ে নেওয়া গেলে দেশের রপ্তানি আয় তিন গুণ পর্যন্ত বাড়ানো সম্ভব। বিশেষ করে চামড়া, হালকা প্রকৌশল ও পাটভিত্তিক শিল্পে ব্যাপক সম্ভাবনা রয়েছে।

খন্দকার আব্দুল মুক্তাদির জানান, চামড়া ও হালকা প্রকৌশল খাতে গড়ে ওঠা অবকাঠামোকে আন্তর্জাতিক মানের দক্ষতা উন্নয়ন কেন্দ্রে রূপান্তরের

খন্দকার আব্দুল মুক্তাদির

রপ্তানি আয় ১৫০ বিলিয়ন ডলারে উন্নীত করা সম্ভব বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী

উদ্যোগ নেওয়া হচ্ছে। এ লক্ষ্যে বিশ্বমানের প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ ও কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি কাঁচা পাট রপ্তানির পরিবর্তে উচ্চ মূল্য সংযোজিত পাটপণ্য ও জুটভিত্তিক ফেব্রিক উৎপাদন বাড়াতে গবেষণা ও প্রযুক্তি উন্নয়নে জোর দেওয়া হবে। এ খাতে চীনের সঙ্গে যৌথ গবেষণা ও উদ্ভাবনী উদ্যোগ নেওয়ার কথাও জানান তিনি।

প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতাকে দেশের উন্নয়ন কার্যক্রমের অন্যতম দুর্বলতা উল্লেখ করে মন্ত্রী বলেন, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে দ্রুত অভিযোজনের সক্ষমতা অর্জন করতে হবে।

কর্মশালায় সভাপতির বক্তব্যে বাণিজ্য সচিব মো. আতাউর রহমান খান বলেন, এলডিসি উত্তরণ-পরবর্তী বাস্তবতা মোকাবিলা এবং রপ্তানি খাতের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় তিন হাজার কোটি টাকার প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে বেসরকারি খাতের অভিজ্ঞতা ও চাহিদার ভিত্তিতে খাতভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।

তিনি জানান, ব্যবসা সহজীকরণ, ডিজিটাইজেশন, নীতিগত সহায়তা এবং প্রক্রিয়া সরলীকরণের মাধ্যমে কার্যকর ও টেকসই রপ্তানি উন্নয়ন মডেল গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া হবে। বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং সম্ভাব্য বাস্তবায়নকারী সংস্থা হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরোকে সম্পৃক্ত করে প্রকল্পটি পরিচালনার বিষয় বিবেচনা করা হচ্ছে।

বাংলাদেশের এলডিসি থেকে উত্তরণের সর্বশেষ নির্ধারিত সময় ছিল ২০২৬ সালের নভেম্বর। তবে এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতিকাল তিন বছর বাড়িয়ে ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত করতে অনুরোধ জানিয়ে জাতিসংঘে চিঠি দিয়েছিল বাংলাদেশ। উত্তরণ পেছানোর অনুরোধে সীমিত সময়ের জন্য সমর্থন জানিয়েছে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)।

এলডিসি থেকে উত্তরণের পর বিশ্ব বাণিজ্য সংস্থার আওতায় পাওয়া শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা বন্ধ হয়ে যাবে। ওষুধ শিল্পে মেধাস্বত্ব-সংক্রান্ত বিধিনিষেধ আরও কঠোরভাবে প্রযোজ্য হবে। উৎপাদিত পণ্য ও সেবার ক্ষেত্রে নগদ সহায়তা এবং বিভিন্ন ধরনের ভর্তুকি দেওয়ার সুযোগও সীমিত হয়ে যাবে। একই সঙ্গে ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্যসহ বাংলাদেশের প্রধান রপ্তানি বাজারগুলোতে বাংলাদেশি পণ্যের ওপর সর্বোচ্চ ১২ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ হতে পারে। এর ফলে দেশের রপ্তানি ৬ থেকে ১৪ শতাংশ পর্যন্ত কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। পাশাপাশি কাঁচামাল ব্যবহারের ক্ষেত্রে উৎসবিধি আরও কঠোর হবে, যার সবচেয়ে বড় প্রভাব পড়তে পারে দেশের প্রধান রপ্তানি খাত তৈরি পোশাকশিল্পের ওপর।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক। এ ছাড়া বক্তব্য দেন এক্সপোর্ট কমপিটিটিভনেস ফর জবস প্রকল্পের প্রকল্প পরিচালক সেখ মোহাম্মদ আব্দুর রহমান এবং বিশ্বব্যাংকের সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট হোসনা ফেরদৌস সুমি।

ঢাকা।

সমকাল
24 JUN 2026

ওষুধশিল্পে বাংলাদেশের সামনে বড় সুযোগ

সমকাল: নেভিয়ান লাইফ সায়েন্সের যাত্রা ও পটভূমি সম্পর্কে জানতে চাই।

মুসাওয়াত শামস্ জাহেদী: নেভিয়ান লাইফ সায়েন্স আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে ২০২৫ সালের জুলাই মাসে। এর আগে প্রতিষ্ঠানটি নোভার্টিস বাংলাদেশ হিসেবে পরিচালিত হতো। নোভার্টিস বৈশ্বিকভাবে তাদের শেয়ার কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়ার পর রেডিয়েন্ট ওই শেয়ার অধিগ্রহণ করে এবং কোম্পানির নাম পরিবর্তন করে নেভিয়ান রাখা হয়। তবে নাম পরিবর্তন ছাড়া প্রতিষ্ঠানের মূল কাঠামোতে কোনো পরিবর্তন হয়নি। আমাদের কর্মী, উৎপাদন প্রক্রিয়া, প্লান্ট, প্রযুক্তি ও পণ্যের গুণগত মান আগের মতোই রয়েছে। শুধু বোর্ড পর্যায়ে প্রতিনিধিত্বের পরিবর্তন এসেছে।

সমকাল: কানাডার বাজারে রপ্তানিতে আপনারা কী ধরনের মডেল ব্যবহার করছেন?

মুসাওয়াত শামস্ জাহেদী: সাধারণত বাংলাদেশের অনেক কোম্পানি বিদেশে নিজেদের ব্র্যান্ডে ওষুধ রপ্তানি করে। আমরা একটু ভিন্ন পথে হেঁটেছি। আমরা মাল্টি-কোম্পানি মাল্টি-কান্ট্রি কোলাবরেশন বা কন্ট্রাক্ট ম্যানুফ্যাকচারিং মডেল অনুসরণ করছি। এখানে সুইজারল্যান্ডের স্যান্ডোজের ফর্মুলেশন ও প্রযুক্তি ব্যবহার করে আমাদের কারখানায় ওষুধ উৎপাদন করা হচ্ছে এবং তা সরাসরি কানাডার বাজারে যাচ্ছে। বাংলাদেশের জন্য এটি একটি নতুন ধরনের উদ্যোগ। উল্লেখ্য, ওষুধ আমদানিতে কানাডা বিশ্বের সবচেয়ে কঠোরভাবে নিয়ন্ত্রিত দেশগুলোর একটি। সেখানে ওষুধ রপ্তানি করতে হলে কঠোর মান নিয়ন্ত্রণ এবং আন্তর্জাতিক মানের উৎপাদন সক্ষমতা থাকা প্রয়োজন।

সমকাল: এই মডেলের বিশেষ সুবিধা কী?

মুসাওয়াত শামস্ জাহেদী: নিজস্ব ব্র্যান্ডে রপ্তানি করতে গেলে বিদেশে আলাদা ইমপোর্টার, ডিস্ট্রিবিউশন চ্যানেল ও মার্কেটিং নেটওয়ার্ক তৈরি করতে হয়। এটি সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। কিন্তু স্যান্ডোজের মতো একটি বড় মাল্টিন্যাশনাল কোম্পানির সঙ্গে কাজ করার ফলে তাদের বিদ্যমান ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক এবং বড় বড় ফার্মেসির সঙ্গে সম্পর্ক ব্যবহার করা সম্ভব হচ্ছে। এর ফলে রপ্তানির পরিমাণ উল্লেখযোগ্যভাবে বাড়ানোর সুযোগ সৃষ্টি হয়েছে।

বাংলাদেশের উৎপাদন ব্যয় তুলনামূলকভাবে কম। পাশাপাশি দক্ষ ফার্মাসিস্ট ও জনবলের কারণে আমরা আন্তর্জাতিক মান বজায় রেখে উৎপাদন করতে পারছি। এটিও বৈশ্বিক কোম্পানিগুলোকে আকৃষ্ট করছে। প্রচলিত রপ্তানি মডেলে এ দেশের ফার্মা কোম্পানিগুলো নিজেদের ব্র্যান্ড উৎপাদন করে বিশ্বের বিভিন্ন দেশে স্থানীয় ডিস্ট্রিবিউটরদের মাধ্যমে বাজারজাত করার চেষ্টা করে। কিন্তু মার্কেট ডেভেলপমেন্ট, ব্র্যান্ড বিল্ডিংয়ের মতো কাজগুলো বাংলাদেশের কোম্পানি বা বিদেশি ছোট ডিস্ট্রিবিউশন পার্টনারদের পক্ষে কার্যকরভাবে করা সম্ভব হয় না। ফলে রপ্তানির গন্তব্য ও আয় সীমিত থেকে যায়। পক্ষান্তরে সুপ্রতিষ্ঠিত বহুজাতিক কোম্পানিগুলোর মার্কেট পেনিট্রেশন, শক্তিশালী ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক এবং ব্র্যান্ড বিল্ডিং সক্ষমতা রয়েছে। তাদের হয়ে চুক্তিভিত্তিক উৎপাদন বাংলাদেশের জন্য বিশ্বের বহু দেশে ওষুধ রপ্তানির নতুন দুয়ার খুলে দিতে পারে।

সমকাল: বর্তমানে কোন কোন দেশে রপ্তানি হচ্ছে?

মুসাওয়াত শামস্ জাহেদী: কানাডার পাশাপাশি আমরা আফ্রিকার বিভিন্ন দেশ, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং ইউরোপের অস্ট্রিয়াতেও কাজ করছি। আমাদের ভবিষ্যৎ পরিকল্পনায় যুক্তরাষ্ট্র এবং ইউরোপের আরও কয়েকটি দেশ রয়েছে। আমরা ধাপে ধাপে আমাদের আন্তর্জাতিক উপস্থিতি আরও শক্তিশালী করতে চাই। রপ্তানির জন্য আন্তর্জাতিক মান বজায় রাখা একটি চলমান প্রক্রিয়া। আন্তর্জাতিক বাজারে আস্থা অর্জন করা যেমন কঠিন, সেই আস্থা ধরে রাখাটা আরও কঠিন। কোয়ালিটি, ডেটা ইন্টেগ্রিটি, কমপ্লায়েন্স,

মুসাওয়াত শামস্ জাহেদী
ব্যবস্থাপনা পরিচালক
নেভিয়ান লাইফ সায়েন্স

ডকুমেন্টেশন এসব ক্ষেত্রে প্রতিনিয়ত উন্নতি করতে হয়। এ জন্য নিয়মিতভাবে প্রযুক্তি, পদ্ধতি এবং জনবলে বিনিয়োগ করতে হয় এবং অত্যন্ত ধৈর্যের সঙ্গে ফলাফলের জন্য অপেক্ষা করতে হয়। কারণ এই খাতে বিনিয়োগের রিটার্ন সাধারণত ধীরগতির।

সমকাল: বাংলাদেশের ওষুধশিল্পের সম্ভাবনা আপনি কীভাবে দেখছেন?

মুসাওয়াত শামস্ জাহেদী: বাংলাদেশের সামনে খুব বড় সুযোগ রয়েছে। যদি আমরা এই মডেল সফলভাবে বাস্তবায়ন করতে পারি, তাহলে বৈশ্বিক সাপ্লাই চেইনে বাংলাদেশের অবস্থান আরও শক্তিশালী হবে। শুধু কয়েক মিলিয়ন ডলারের রপ্তানি নয়, আমরা সেটিকে কয়েকশ মিলিয়ন ডলারের পর্যায়ে নিতে চাই। আমাদের লক্ষ্য হচ্ছে বাংলাদেশকে একটি গ্লোবাল ম্যানুফ্যাকচারিং হাবে পরিণত করা। সেটি করা সম্ভব। আমাদের মতো অন্য কোম্পানিগুলো আমাদের এই মডেল ব্যবহার করবে বলে আমরা আশাবাদী।

সমকাল: আপনাদের ভবিষ্যৎ পরিকল্পনা কী?

মুসাওয়াত শামস্ জাহেদী: আমরা আন্তর্জাতিক অংশীদারদের কাছে একটি বার্তা পৌঁছে দিতে চাই যে বাংলাদেশে আন্তর্জাতিক মানের ফার্মাসিউটিক্যাল উৎপাদন সক্ষমতা রয়েছে এবং এখানে সিএমও বা পার্টনারশিপের বড় সুযোগ আছে। আগামী পাঁচ বছরে আমরা রপ্তানি খাতে বড় অবস্থান তৈরি করতে চাই। পাশাপাশি স্থানীয় বাজারেও শীর্ষ ১০ প্রতিষ্ঠানের মধ্যে জায়গা করে নেওয়ার লক্ষ্য রয়েছে। তবে এই মুহূর্তে কাঁচামাল বা এপিআই উৎপাদনে বড় বিনিয়োগের পরিকল্পনা নেই। আমাদের প্রধান মনোযোগ এখন রপ্তানি সক্ষমতা বাড়ানোর দিকে।

সমকাল: প্রস্তাবিত বাজেটে ওষুধশিল্পের জন্য কোনো সুখবর দেখছেন কি?

মুসাওয়াত শামস্ জাহেদী: প্রস্তাবিত বাজেটে ওষুধশিল্পের জন্য কিছু ইতিবাচক দিক আছে। স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে। একই সঙ্গে অতি প্রয়োজনীয় কিছু ওষুধের কাঁচামাল আমদানিতে শুল্ক ছাড়ের পরিধিও বাড়ানো হয়েছে। ওষুধের কাঁচামাল শিল্পের বিকাশে কিছু প্রণোদনা ও কর সুবিধার বিষয়ও রাখা হয়েছে। এগুলো নিঃসন্দেহে স্বাগত উদ্যোগ। এ ছাড়া স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের বিষয়টিও বাজেট প্রণয়নে বিবেচনায় এসেছে।

॥ সাক্ষাৎকার নিয়েছেন তবিবুর রহমান

সমকাল

24 JUN 2026

ভারত থেকে আমদানি ৯.৬২ বিলিয়ন ডলার, রপ্তানি ১.৭৬

■ সমকাল প্রতিবেদক

গত ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ বিদেশে যে পরিমাণ রপ্তানি করেছে, আমদানি করেছে এর বেশি। ৫৮ দেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি হয়েছে ২৪ দশমিক ১৬ বিলিয়ন ডলার। এককভাবে সবচেয়ে বেশি বাণিজ্য ঘাটতি চীনের সঙ্গে। এর পরিমাণ ১৭ দশমিক ৮৬ বিলিয়ন মার্কিন ডলার। ভারতের সঙ্গে বাণিজ্য ঘাটতি ছিল ৭ দশমিক ৮৬ বিলিয়ন ডলার।

গতকাল মঙ্গলবার জাতীয় সংসদে সংরক্ষিত আসনের এমপি সাবিকুন্নাহারের লিখিত প্রশ্নে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এসব তথ্য জানান। স্পিকার হাফিজউদ্দিন আহমদের সভাপতিত্বে বৈঠকে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

বাণিজ্যমন্ত্রী জানান, চীন থেকে বাংলাদেশ ১৮ দশমিক ৫৬ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করেছে। বিপরীতে রপ্তানি করেছে মাত্র ৬৯ কোটি ৪৪ ডলারের পণ্য। ভারত থেকে আমদানি করেছে ৯ দশমিক ৬২ বিলিয়ন ডলারের পণ্য। রপ্তানি করেছে ১ দশমিক ৭৬ বিলিয়ন ডলারের পণ্য।

ইন্দোনেশিয়ার সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি ৩ দশমিক ৫৯ বিলিয়ন ডলার। সিঙ্গাপুরের সঙ্গে ২ দশমিক ৮০, ব্রাজিলের সঙ্গে ২ দশমিক ৪৫, কাতারের সঙ্গে ২ দশমিক ১ এবং মালয়েশিয়ার সঙ্গে ২ দশমিক ১ বিলিয়ন ডলারের বাণিজ্য ঘাটতি রয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী।

এ ছাড়া সৌদি আরব, রাশিয়া, সংযুক্ত আরব আমিরাত, তাইওয়ান, ভিয়েতনাম, আর্জেন্টিনা, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, পাকিস্তান, মরক্কো ও জাপানের সঙ্গে বাংলাদেশ বাণিজ্য ঘাটতি রয়েছে বলে জানান মন্ত্রী।

এলডিসি উত্তরণে এফটিএ ও জিএসপি প্লাসে জোর

নিপুণ রায় চৌধুরী এমপির প্রশ্নে বাণিজ্যমন্ত্রী বলেন, স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের পর সম্ভাব্য শুল্কমুক্ত রপ্তানি সুবিধা হারানোর চ্যালেঞ্জ মোকাবিলায় ইউরোপীয় ইউনিয়ন, চীন ও ভারতের সঙ্গে জিএসপি প্লাস সুবিধা অর্জন কিংবা মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সম্পাদনের উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ-ইউরোপীয় ইউনিয়ন এফটিএ সম্পাদনে আলোচনা শুরু করতে প্রস্তাব দেওয়া

সংসদে লিখিত প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী

■ ৫৮ দেশের সঙ্গে বাণিজ্য ঘাটতি ২৪ দশমিক ১৬ বিলিয়ন ডলার

হয়েছে। সম্প্রতি চীন তাদের ট্যারিফ লাইনের ৯৯ শতাংশ পণ্যে বাংলাদেশের জন্য শুল্কমুক্ত ও কোটামুক্ত বাজার সুবিধা দিয়েছে।

বাণিজ্য ঘাটতি কমাতে বহুমুখীকরণের উদ্যোগ

বিএনপির সংসদ সদস্য মো. মোস্তাফিজুর রহমান বাবুলের প্রশ্নে বাণিজ্যমন্ত্রী বলেন, দেশের মোট রপ্তানি আয়ের ৮৪ শতাংশ তৈরি পোশাক খাত থেকে আসে। একক পণ্যের ওপর নির্ভরশীলতা কমাতে আরও আটটি খাত— চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, কৃষিপণ্য, ওষুধ শিল্প, আইসিটি ও সফটওয়্যার সেবা, লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য, হিমায়িত খাদ্য ও মাছ এবং প্লাস্টিক পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোকে ব্যাংক গ্যারান্টির বিপরীতে বন্ড সুবিধা দেওয়া হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আদেশ জারি করেছে।

বকেয়া মজুরিতে ৩১টি চা বাগান ঝুঁকিপূর্ণ

আব্দুল মুক্তাদির সংসদে জানান, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর চা বাগানে শ্রমিক-কর্মচারীদের বকেয়া মজুরিকে কেন্দ্র করে শ্রম অসন্তোষ-সংক্রান্ত বিশেষ প্রতিবেদনে ৩১টি চা বাগানকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে।

বিএনপির সংরক্ষিত আসনের সদস্য সেলিনা সুলতানার প্রশ্নে মন্ত্রী বলেন, ২০২৪ সালের ৫ আগস্ট কিছু চা বাগান মালিক পালিয়ে গেছেন। অনেক বাগানে শ্রমিক মজুরি সঠিকভাবে পরিশোধ না করায় শ্রমিক অসন্তোষ দেখা দেয়। বন্ধ হয়ে যাওয়া বুরজান ও ফুলতলা চা বাগান পুনরায় চালু করাসহ, শ্রমিকদের মজুরি ও অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতে দুটি কমিটি গঠন করা হয়।

বাণিজ্যমন্ত্রী বলেন, ন্যাশনাল টি কোম্পানির (এনটিসি) ১২টি বাগানের শ্রমিকদের বকেয়া মজুরি পরিশোধে মজুত থাকা অবিক্রীত চা বিশেষ ব্যবস্থায় রপ্তানির ব্যবস্থা করা হয়েছে।

বাণিজ্য তথ্য কেন্দ্র ★ ঢাকা। ★ রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল

24 JUN 2026

রাবিতে মোস্তাফিজুর রহমান

প্রস্তাবিত বাজেটে ৯ শতাংশ রপ্তানি প্রবৃদ্ধি অসম্ভব কথা

■ রাবি সংবাদদাতা

মোস্তাফিজুর রহমান

বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান বলেছেন, প্রস্তাবিত বাজেটে রপ্তানি প্রবৃদ্ধি ৯ শতাংশ ধরা হলেও বাস্তব চিত্র ভিন্ন। গত ১১ মাসের তথ্য অনুযায়ী রপ্তানি প্রবৃদ্ধি প্রায় ২ দশমিক ৫ শতাংশ ঋণাত্মক। ফলে জুন মাসে ৯ শতাংশ ইতিবাচক প্রবৃদ্ধি অসম্ভব কথা।

গতকাল মঙ্গলবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) সিনেট ভবনে আয়োজিত 'জাতীয় বাজেট ২০২৬-২৭: প্রত্যাশা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে প্রধান আলোচকের বক্তব্যে এ কথা বলেন তিনি। সেমিনারটির আয়োজন করে রাবির ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

মোস্তাফিজুর রহমান বলেন, আগামী বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আরও বেশি প্রবৃদ্ধি প্রয়োজন হবে। তাই সেই প্রবৃদ্ধি অর্জনের চালিকা শক্তি, নীতি সহায়তা ও কৌশল কী হবে, তা বাজেটে স্পষ্টভাবে তুলে ধরা উচিত ছিল।

প্রস্তাবিত বাজেটে উচ্চ রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পদ্ধতির উল্লেখ নেই বলে মনে করেন তিনি। মোস্তাফিজুর রহমান বলেন, বাজেটে আগামী অর্থবছরের রাজস্ব আদায়ের লক্ষ্য ধরা হয়েছে ছয় লাখ ৯৫ হাজার কোটি টাকা। চলতি বছরে রাজস্বেও প্রকৃত আদায় চার লাখ কোটি টাকার কিছু বেশি। নতুন লক্ষ্যমাত্রা অর্জনে প্রায় ৪৫ শতাংশ প্রবৃদ্ধি প্রয়োজন হবে।

সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আবদুর রহিম। সভাপতিত্ব করেন আইবিএস অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ফজলুল হক। এ সময় সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

বণিক বার্তা
24 JUN 2026

রফতানি আয় ১৫০ বিলিয়ন ডলারে উন্নীত করা সম্ভব

রাজধানীতে গতকাল এক কর্মশালায় বক্তব্য রাখেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ছবি : পিআইডি

নিজস্ব প্রতিবেদক ■

দেশের রফতানি আয় এখনকার ৫০-৫৫ বিলিয়ন ডলারের গণ্ডি থেকে ১৫০ বিলিয়ন ডলারে উন্নীত করা সম্ভব বলে মনে করছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তার ভাষ্য, 'সম্ভাবনাময় কয়েকটি খাতকে সুনির্দিষ্ট পরিকল্পনা, নীতিগত সহায়তা, গবেষণা ও দক্ষ মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে এগিয়ে নিতে পারলে এ লক্ষ্য অর্জন কঠিন নয়।'

রাজধানীর সিরডাপ মিলনায়তনে গতকাল এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। এ সময় 'বাংলাদেশের সম্ভাবনাময় বেসরকারি খাতগুলোর প্রতিযোগিতা সক্ষমতা মূল্যায়ন গবেষণা' শীর্ষক প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি উপস্থাপন ও কনসালটেশন কর্মশালা অনুষ্ঠিত হয়।

বাণিজ্যমন্ত্রী বলেন, 'বাংলাদেশ স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের সব শর্ত পূরণ করেছে। এখন মূল চ্যালেঞ্জ হচ্ছে উত্তরণের পর বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকা এবং পরবর্তী ধাপে অগ্রসর হওয়ার সক্ষমতা অর্জন করা।' এজন্য শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি, গবেষণা, উদ্ভাবন এবং প্রযুক্তি অভিযোজনের ওপর জোর দেয়ার আহ্বান জানান তিনি।

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, 'এক্সপোর্ট কম্পিটিটিভনেস ফর জবস (ইসিফোর-জে) প্রকল্পের মূল ধারণা সময়োপযোগী হলেও প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতা দেশের উন্নয়ন কর্মকাণ্ডের অন্যতম বড় দুর্বলতা। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন নিশ্চিত করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে অভিযোজন সক্ষমতা রাখতে হবে।'

মন্ত্রী জানান, লেদার ও হালকা প্রকৌশল খাতে প্রতিষ্ঠিত অবকাঠামো আন্তর্জাতিক মানের দক্ষতা উন্নয়ন কেন্দ্র হিসেবে পরিচালনার উদ্যোগ নেয়া হচ্ছে। এ লক্ষ্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালনা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে, যাতে দেশীয় শিল্প দ্রুত বৈশ্বিক মানদণ্ডে পৌঁছাতে পারে।

জুট খাতের সম্ভাবনার কথা উল্লেখ করে তিনি বলেন, 'কাঁচা পাট রফতানির তুলনায় মূল্য সংযোজিত পাটপণ্য ও জুট-ভিত্তিক ফ্যাব্রিক উৎপাদনে বহু গুণ বেশি আয় সম্ভব। এ খাতে গবেষণা, প্রযুক্তি উন্নয়ন এবং আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করতে চীনের সঙ্গে যৌথ গবেষণা ও উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের পরিকল্পনা রয়েছে।'

বাণিজ্যমন্ত্রী আরো বলেন, 'শিল্প উন্নয়নে সরকার, বেসরকারি খাত ও একাডেমিয়ার মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা গড়ে তুলতে হবে। সফল দেশগুলোর অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে প্রতিটি প্রকল্পের লক্ষ্য, কর্মপদ্ধতি ও ফলাফল নিয়মিত মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে।'

তিনি বেসরকারি খাতের উদ্যোক্তাদের সমস্যা সমাধানে বাণিজ্য মন্ত্রণালয়ের সহযোগিতার আশ্বাস দিয়ে বলেন, 'আপনাদের সমস্যা ও সম্ভাবনার কথা শুনতে আমরা প্রস্তুত। সরকার ও ব্যবসায়ীদের মধ্যে কার্যকর সেতুবন্ধ গড়ে তোলাই আমাদের লক্ষ্য।'

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক। সভাপতিত্ব করেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মো. আতাউর রহমান খান। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইসিফোর-জে প্রকল্পের প্রকল্প পরিচালক সেখ মোহাম্মদ আব্দুর রহমান এবং বিশ্বব্যাংকের সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট হোসনা ফেরদৌস সুমি। বিভিন্ন শিল্প খাতের প্রতিনিধি, ব্যবসায়ী সংগঠনের নেতারা, নীতিনির্ধারক এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা কর্মশালায় অংশ নেন।

ঢাকা।

বণিক বার্তা

24 JUN 2026

চীনের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সর্বোচ্চ দ্বিতীয় অবস্থানে ভারত

—বাণিজ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ■

বাংলাদেশের সঙ্গে বিভিন্ন দেশের মোট বাণিজ্য ঘাটতির পরিমাণ ২০২৪-২৫ অর্থবছরে ২ হাজার ৪১৬ কোটি ৮০ লাখ ডলারে দাঁড়িয়েছে। এর মধ্যে এককভাবে সবচেয়ে বেশি বাণিজ্য ঘাটতি চীনের সঙ্গে, যার পরিমাণ ১ হাজার ৭৮৬ কোটি ৮০ লাখ ডলার। দ্বিতীয় অবস্থানে রয়েছে ভারত। দেশটির সঙ্গে বাণিজ্য ঘাটতি প্রায় ৭৮৫ কোটি ৯৮ লাখ ৭০ হাজার ডলার।

গতকাল জাতীয় সংসদে সংরক্ষিত আসনের সদস্য সাবিকুন্নাহারের লিখিত প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এ তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদের অধিবেশন শুরু হলে দিনের কার্যসূচি অনুযায়ী প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

বাণিজ্যমন্ত্রী ৫৮ দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতির তালিকা সংসদে তুলে ধরেন। তিনি জানান, চীন থেকে বাংলাদেশ ১ হাজার ৮৫৬ কোটি ৩৪ লাখ ডলারের পণ্য আমদানি করেছে, বিপরীতে রফতানি করেছে মাত্র ৬৯ কোটি ৪৪ লাখ ৯০ হাজার ডলারের পণ্য। ভারতের ক্ষেত্রে বাংলাদেশ রফতানি করেছে ১৭৬ কোটি ৪২ লাখ ৩০ হাজার ডলারের পণ্য আর আমদানি করেছে ৯৬২ কোটি ৪১ লাখ ডলারের পণ্য। এছাড়া ইন্দোনেশিয়ার সঙ্গে বাণিজ্য ঘাটতি ৩৫৮ কোটি ৯৪ লাখ ৯০ হাজার ডলার। দেশটি থেকে বাংলাদেশ ৩৬৪ কোটি ৬২ লাখ ডলারের পণ্য আমদানি করলেও রফতানি করেছে মাত্র ৫ কোটি ৬৭ লাখ ১০ হাজার ডলারের পণ্য। সিঙ্গাপুরের সঙ্গে ২৮০ কোটি ২৫ লাখ ডলার, ব্রাজিলের সঙ্গে ২৪৫ কোটি ৫ লাখ ৬০ হাজার ডলার, কাতারের সঙ্গে ২১০ কোটি ৯৪ লাখ ৮০ হাজার ডলার এবং মালয়েশিয়ার সঙ্গে ২১ কোটি ৫ লাখ ৫০ হাজার ডলারের বাণিজ্য ঘাটতি রয়েছে।

ঢাকা।